

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪০

২/ বিদআত

পরিচ্ছেদঃ ইসলাম পূর্ণাঙ্গ দ্বীন

## আরবী

عَن أَبِي الطُّفَيْلِ قَالَ سُئِلَ عَلِيٌّ أَخَصَّكُمْ رَسُولُ اللهِ عَيَّلِيٌّ بِشَىْءٍ فَقَالَ مَا خَصَّنَا رَسُولُ اللهِ عَيْلِيٌّ بِشَىْءٍ فَقَالَ مَا خَصَّنَا رَسُولُ اللهِ عَيْلِيٌ بِشَىْءٍ لَمْ يَعُمَّ بِهِ النَّاسَ كَافَّةً إِلاَّ مَا كَانَ فِي قِرَابِ سَيْفِي هَذَا قَالَ فَأَخْرَجَ صَحِيفَةً مَكْتُوبٌ فِيهَا لَعَن اللهُ مَنْ ذَبَحَ لِغَيْرِ اللهِ وَلَعَن اللهُ مَنْ سَرَقَ مَنَارَ الأَرْضِ وَلَعَن اللهُ مَنْ لَعَن وَالِدَهُ وَلَعَن اللهُ مَنْ آوَى مُحْدِثًا

## বাংলা

(১৪০) আবুত ত্বুফাইল বলেন, আলী (রাঃ)-কে জিজ্ঞাসা করা হল, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি আপনাদেরকে কোন বিশেষ জ্ঞান দান করে গেছেন? উত্তরে তিনি বললেন, তিনি আমাদেরকে বিশেষ কোন জ্ঞান দিয়ে যাননি, যা সাধারণ লোকে জানে না। তবে আমার এই তরবারির খাপে যা আছে, (তা হতে পারে।) অতঃপর তিনি খাপ থেকে একটি লিখিত কাগজ বের করলেন। তাতে লিখা ছিল, আল্লাহ সেই ব্যক্তিকে অভিশাপ করুন, যে ব্যক্তি গায়রুল্লাহর উদ্দেশ্যে যবেহ করে। আল্লাহ সেই ব্যক্তিকে অভিশাপ করুন, যে ব্যক্তি জমি-জায়গার চিহ্ন সরিয়ে ফেলে। আল্লাহ সেই ব্যক্তিকে অভিশাপ করুন, যে ব্যক্তি বিদ্আতীকে আশ্রয় দেয়।

## ফুটনোট

(মুসলিম ১৯৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃত্ব তুফায়ল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন